গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগরপুর, টাঙ্গাইল।
www.nagarpur.tangail.gov.bd

স্মারক নং-০৫.৩০.৯৩৭৬.০০০.০২.০২৭.১৬-৩১৫ তারিখ: ০৬-০৫-২০২৬ খ্রি.।

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ১৯ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/০৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ (১৩ জুলাই ২০১৭ তারিখে প্রকাশিত অতিরিক্ত সংখ্যার গেজেট) এর প্রজ্ঞাপন মূলে টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে উল্লিখিত শূন্য পদে দফাদার ও মহল্লাদার (গ্রাম পুলিশ) নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নাগরপুর উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

| ক্র:নং | ইউনিয়নের নাম | পদের নাম | শূন্য পদের সংখ্যা | | | বেতন | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | দফাদার | মহল্লাদার | ওয়ার্ড নং | | |
| ০১ | সলিমাবাদ | মহল্লাদার | -- | ০৩টি | ৫, ৬ ও ৮ | সর্বসাকুল্য (ইউপি+সরকারি অংশ) ৭,৫০০/- তৎসহ অন্যান্য সুযোগ সুবিধা। | কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | ভারড়া | মহল্লাদার | -- | ০১টি | ৩ | | |
| ০৩. | দপ্তিয়র | মহল্লাদার | -- | ০১টি | ১ | | |

**শর্তাবলী:**

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) জন্ম তারিখ (ঝ) ০৬ মে ২০২৬ তারিখে বয়স ১৮-৩০ বছর হতে হবে (ঞ)শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে চাকুরির আবেদনের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

(ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দিতে হবে।

(খ) জাতীয় পরিচয়পত্র ও অনলাইন জন্মসনদের সত্যায়িত ফটোকপি। মৌখিক পরীক্ষা সময় মূল কপি প্রদর্শন করতে হবে।

(গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দিতে হবে।

(ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি-০৩ (তিন) কপি দিতে হবে।

(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি দিতে হবে।

(চ) উপজেলা নির্বাহী অফিসার, নাগরপুর, টাঙ্গাইল বরাবরে ৩০০/-(তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

(ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত অনুলিপি দিতে হবে।

(জ) মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতাঃ-

পুরুষ প্রার্থীর ক্ষেত্রে :

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি।

(খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)।

( গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।

(ঘ) ডাক্তারি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

মহিলা প্রার্থীর ক্ষেত্রেঃ

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট।

(খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)।

(গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

(ঘ) ডাক্তারি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

চলমান/২

০৪। প্রার্থীর সনদপত্রাদি ও ছবি সত্যায়নের ক্ষেত্রে গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।

০৫। ০৬ মে ২০২৬ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার কোটার ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৬। আবেদনপত্র আগামী ২০ মে ২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে।

০৭। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

০৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯। প্রার্থীকে অবশ্যই লিখিত পরীক্ষায় অংশগ্রহণ ও উত্তীর্ণ হতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। খামের উপরে অবশ্যই পদের নাম ও ইউনিয়নের নাম লিখতে হবে।

১১। কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ সংযোজন/বিয়োজন/পরিমার্জনসহ প্রয়োজনে নিয়োগ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৬/০৫/২৬

(মোঃ এরফান উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ইউনিয়ন পরিষদ দফাদার ও মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি
নাগরপুর, টাঙ্গাইল।

স্মারক নং-০৫.৩০.৯৩৭৬.০০০.০২.০২৭.১৬-৩১৫ তারিখ: ০৬-০৫-২০২৬ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।

০২। উপপরিচালক (উপ সচিব), স্থানীয় সরকার, টাঙ্গাইল।

০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), টাঙ্গাইল।

০৪। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।

০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, নাগরপুর, টাঙ্গাইল।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), টাঙ্গাইল।

০৭। সহকারী কমিশনার (ভূমি), (সকল), টাঙ্গাইল।

০৮। অফিসার ইনচার্জ, নাগরপুর থানা, নাগরপুর, টাঙ্গাইল।

০৯। উপজেলা..................................................অফিসার, নাগরপুর, টাঙ্গাইল।

১০। সহকারী প্রোগ্রামার, নাগরপুর, টাঙ্গাইল। উক্ত বিজ্ঞপ্তিটি উপজেলা পোর্টালে আপলোড করার অনুরোধ করা হলো।

১১। চেয়ারম্যান,..................................ইউনিয়ন পরিষদ,নাগরপুর, টাঙ্গাইল। উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১২। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা.............................ইউনিয়ন ভূমি অফিস, নাগরপুর, টাঙ্গাইল। উক্ত বিজ্ঞপ্তিটি ইউনিয়নের বিভিন্ন জনসমাগমস্থলে ও হাট-বাজারসমূহে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৩। ....................................................................................................নাগরপুর, টাঙ্গাইল।

১৪। অফিস কপি/নোটিশ বোর্ড/ওয়েব পোর্টাল।

০৬/০৫/২৬

(মোঃ এরফান উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ইউনিয়ন পরিষদ দফাদার ও মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি
নাগরপুর, টাঙ্গাইল।